

টিআরপি সিস্টেম কি?


টিআরপি হল টেলিভিশন রেটিং পয়েন্ট এর সংক্ষিপ্ত রূপ। টিআরপি মূলত কোনো টেলিভিশন চ্যানেল বা অনুষ্ঠানের জনপ্রিয়তা নির্দেশ করে। এক্ষেত্রে যে উপাত্তগুলো ব্যবহার করা হয়ে থাকে তা বিজ্ঞাপন নির্মাতাদের এবং টেলিভিশন চ্যানেল পরিচালনার জন্য খুবই সহায়ক।



নমুনা-মাসিক বাসাবাড়িতে টিআরপি ডিভাইস রাখা হয়, যেখানে চ্যানেল মনিটরিং-এর মাধ্যমে দর্শক কর্তৃক পর্যবেক্ষিত চ্যানেলের তথ্য নেওয়া হয়। এই সকল তথ্যের উপর ভিত্তি করে টেলিভিশন চ্যানেল বা অনুষ্ঠানের জনপ্রিয়তা নির্ণয় করা হয়।

টিআরপি সিস্টেম কিভাবে কাজ করে?

টিআরপি সিস্টেমে মূলত একটি পিপল মিটার সহ টিআরপি ডিভাইস থাকে যা বাসাবাড়িতে রাখা হয়। ডিভাইসটি টেলিভিশন এর দর্শক কর্তৃক TV viewing ডাটা সংগ্রহ করে সার্ভারে প্রেরণ করে।



সাধারণত, টিআরপি সিস্টেমটি পরিমাপের জন্য যেকোনো দেশের জনসংখ্যার উপর ভিত্তি করে টিআরপি ডিভাইসটির পরিসংখ্যানগত নমুনা আকারে কয়েক হাজার দর্শকের বাসাবাড়িতে স্থাপন করা হয়ে থাকে।

টিআরপি সিস্টেমের সুবিধাঃ

- ১। দর্শকদের TV viewing এর ভিত্তিতে একটি চ্যানেলের জনপ্রিয়তার মূল্যায়ন করতে সহায়তা করে।
- ২। বিজ্ঞাপন দাতারা চ্যানেলের জনপ্রিয়তার ভিত্তিতে টিভি চ্যানেল-এ বিজ্ঞাপন দানের কার্যক্রম করে থাকে।

৩। জনপ্রিয়তার ভিত্তিতে প্রতিযোগিতামূলক পরিবেশ সৃষ্টির মাধ্যমে টিভি অনুষ্ঠানের মান উন্নয়নে সহায়তা করে।

বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড কর্তৃক টিআরপি সিস্টেমঃ



বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (বিএসসিএল), ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের ডাক ও টেলিযোগাযোগ বিভাগের অধীনে রাষ্ট্রীয় মালিকানাধীন একটি প্রতিষ্ঠান যা বাংলাদেশের প্রথম কৃত্রিম উপগ্রহ বজ্রবন্ধু স্যাটেলাইট-১ (যা সংক্ষেপে বিএস-১ নামে পরিচিত) পরিচালনার জন্য ২০১৭ সালে প্রতিষ্ঠা করা হয়েছে। বর্তমানে, বিএসসিএল বাংলাদেশের সকল টেলিভিশন চ্যানেল বজ্রবন্ধু স্যাটেলাইট-১ এর মাধ্যমে সম্প্রচারিত হচ্ছে।

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় বিএসসিএল কে বাংলাদেশে টিআরপি সিস্টেমটি বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করে। এরই প্রেক্ষিতে, বিএসসিএল টিআরপি সিস্টেম বাস্তবায়ন এবং স্থাপনের জন্য বিভিন্ন কার্যক্রম হাতে নিয়েছে যা বর্তমানে চলমান রয়েছে।

সাধারণত, টিআরপি ডিভাইসগুলো বিদেশ থেকে আমদানি করা হয় যা অতি ব্যয়বহুল হয়ে থাকে। কিন্তু, বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড, বাংলাদেশী একটি বিশ্ববিদ্যালয়ের সাথে যৌথ উদ্যোগে টিআরপি ডিভাইসগুলো নিজস্ব প্রযুক্তিতে তৈরি করেছে।

টিআরপি ডিভাইসটির ইনস্টলেশনের চিত্রঃ

